# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৭৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মাথার পশ্চাৎভাগে ঝুটি বেঁধে সালাত আদায় করার ব্যাপারে নিষেধাজ্ঞা

ذِكْرُ الزَّجْرِ عَنْ أَنْ يُصَلِّيَ الْمَرْءُ وَهُوَ غَارِزٌ ضَفْرَتَهُ فِي قَفَاهُ

আরবী

2276 ـ أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ بِشْرِ بْنِ الْحَكَمِ قَالَ: حَدَّثَنَا حَجَّاجٌ قَالَ: حَدَّثَنَا ابْنُ جُرَيْجٍ قَالَ: أَخْبَرَنِي عِمْرَانُ بْنُ مُوسَى قَالَ: أَخْبَرَنِي سَعِيدِ بْنِ أَبِي سَعِيدٍ الْمَقْبُرِيِّ عَنْ أَبِيهِ: أَنَّهُ رَأَى أَبَا رَافِعٍ ـ مَوْلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ وَحَسَنُ بْنُ عَلِيٍّ يُصَلِّي غَرَزَ ضَفِيرته فِي قفاهُ فحلَّهَا أَبُو رَافِعٍ فَالتَفَتَ الْحَسَنُ إِلَيْهِ مُغْضَبًا فَقَالَ أَبُو رَافِعٍ: أَقْبِلْ عَلَى صَلَاتِكَ وَلَا تَغْضَبْ فَإِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ [يَقُولُ:((ذَلِكَ كِفْلُ الشيطانِ))] يقول: مَقْعَدُ الشيطان ـ يعني مَغْرَزَ ضَفْرتِهِ ـ.

الراوي : أَبُو سَعِيدٍ الْمَقْبُرِيّ المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2276 | خلاصة حكم المحدث: حسن ـ ((صحيح أبي داود)) (653).

قَالَ أَبُو حَاتِمٍ: عِمْرَانُ بْنُ مُوسَى: هُوَ عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ عَمْرِو بْنِ سَعِيدِ بن العاص ـ أخو أيوب بن موسى ـ

বাংলা

২২৭৬. আবূ সা‘ঈদ আল মাকবূরী থেকে বর্ণিত, তিনি বলেন যে, তিনি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আজাদকৃত গোলাম আবূ রাফে‘রাদ্বিয়াল্লাহু আনহুকে দেখেছেন এমন অবস্থায় যখন হাসান বিন আলী রাদ্বিয়াল্লাহু আনহু মাথার পশ্চাৎভাগে ঝুটি বেঁধে সালাত আদায় করছিলেন। তখন আবূ রাফে‘রাদ্বিয়াল্লাহু আনহু তাঁর ঝুটি খুলে দেন ফলে হাসান বিন আলী রাদ্বিয়াল্লাহু আনহু তার দিকে রাগান্বিত হয়ে তাকান। তখন আবূ

রাফে‘রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “আপনি আপনার সালাত চালিয়ে যান আর রাগ করবেন না। কেননা আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, “এটা শয়তানের অংশ”। তিনি বলেন, “শয়তান বসার স্থান।” অর্থাৎ ঝুটি বাঁধার স্থান।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “ইমরান বিন মূসা হলেন ইমরান বিন মূসা বিন আমর বিন সাঈদ বিন আস, তিনি আইয়ূব বিন মূসার ভাই।”

## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৯১১; সুনান বাইহাকী: ২/১০৯; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৯৯১; তিরমিযী: ৩৮৪; আবূ দাঊদ: ৬৪৬; ইবনু মাজাহ: ১০৪২।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৬৫৩)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সাঈদ আল-মাকবুরী (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91594

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন